**লন্ডনের মেয়র ও**
**লন্ডন অ্যাসেম্বলির নির্বাচন**

# 6ই মে 2021

# ডায়েরিতে লিখে রাখুন। আবার।

লন্ডনের ভোট 6ই মে, 2021। কীভাবে আপনি -অংশগ্রহণ করতে পারবেন, তা **londonelects.org.uk**-এ জেনে নিন।

**আপনার মতামত রাখুন।**

LONDON ELECTS

6ই মে, 2021 এ, লন্ডনে বসবাসকারী ব্যক্তিবর্গ লন্ডনের মেয়র এবং লন্ডন অ্যাসেম্বলির (বিধানসভার) 25 জন সদস্য নির্বাচনে ভোট দিতে পারবেন।

লন্ডন পরিদর্শনে আসা, এখানে বসবাস করা এবং কর্মরত সবার জন্য শহরটি আরও ভালো করে তোলাই মেয়রের কাজ।

এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নীতিসমূহের উন্নয়ন, বাজেট নির্ধারণ, বড় কর্মসূচিগুলির তদারকি এবং বিশ্ব জুড়ে লন্ডনের প্রচারাভিযান - যার সবই মেয়রের দৃষ্টিভঙ্গি এবং লন্ডন ও লন্ডনবাসীর স্বার্থের সাথে সাযুজ্য বজায় রাখে।

লন্ডনের অ্যাসেম্বলি 25 জন সদস্য নিয়ে গঠিত – যার মধ্যে 11 জন সমগ্র রাজধানীর প্রতিনিধিত্ব করেন এবং 14 জন লন্ডনের নির্বাচনী এলাকাগুলি থেকে নির্বাচিত হয়ে আসেন।

এই অ্যাসেম্বলি (বিধানসভা), সিটি হলে লন্ডনবাসীর চোখ এবং কান হিসাবে কাজ করে। মেয়রের কৌশল, সিদ্ধান্ত এবং পদক্ষেপগুলি জনস্বার্থ রক্ষা করছে কি না তা নিশ্চিত করতে সেগুলো পরীক্ষা করে সদস্যরা মেয়রকে তার জন্য দায়বদ্ধ রাখেন।

## কখন ভোট দেবেন

6ই মে, 2021 তারিখে ভোটদান কেন্দ্রগুলি সকাল 7টা – রাত 10টা পর্যন্ত খোলা থাকবে। ভোট দেওয়ার জন্য আপনার অনেকটা সময় হাতে নিয়েই যাওয়া উচিত।

আপনি ডাকযোগে ভোট দিলে, আপনি আপনার ব্যালট পেপার নির্বাচনের আগে পেয়ে যাবেন। আপনাকে অবশ্যই সেটি 6ই মে, 2021 তারিখ রাত 10টার মধ্যে ফেরৎ পাঠাতে হবে।

## কারা ভোট দিতে পারেন

আপনি ভোট দেতে পারবেন যদি আপনার:

- বয়স 6ই মে 2021 তারিখে 18 বা তার বেশি হয়
- আপনি একজন ব্রিটিশ, EU বা লন্ডনে বসবাসকারী যোগ্য কমনওয়েল্থের নাগরিক হন
- 19শে এপ্রিল, 2021 তারিখের মধ্যে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করেন

আপনি ভোট দেওয়ার জন্য www.gov.uk/register-to-vote-তে নিবন্ধন করতে পারেন অথবা আপনার স্থানীয় কাউন্সিলের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

# কোথায় ভোট দেবেন

ভোট দেওয়ার 3টি উপায় আছে।



**1** **আপনার পোলিং কেন্দ্রে:**

- 6ই মে-এর আগে আপনাকে আপনার ভোটদান কেন্দ্রের বিশদ দিয়ে একটি 'পোল কার্ড' পাঠানো হবে।
- আপনি শুধুমাত্র সেই কার্ডে উল্লেখিত ভোটদান কেন্দ্রেই ভোট দিতে পারবেন।
- ভোটদান কেন্দ্রের কর্মীরা প্রয়োজনে আপনাকে আপনার ব্যালটপত্র বুঝতে সাহায্য করতে পারে।
- ভোটদান কেন্দ্রে যাওয়ার সময় আপনার পোল কার্ডটি আপনার সঙ্গে নিয়ে যাওয়া বাধ্যতামূলক না হলেও, সঙ্গে থাকলে তা কর্মীদের সাহায্য করবে।

**ভোটদান কেন্দ্রে যা আকাঙ্খিত:**

ভোটদান কেন্দ্রগুলি 6ই মে ভোট দেওয়ার জন্য নিরাপদ স্থান হবে। অসুস্থ বোধ করলে সশরীরে এসে ভোট দেবেন না। নিজেকে এবং অন্যদের নিরাপদ রাখতে সহায়তার জন্য আপনি এগুলো করতে পারেন:

- আপনি ছাড়প্রাপ্ত না হলে একটি মুখের আবরণ পরুন
- হাত পরিস্কার করুন – হ্যান্ড স্যানিটাইজার পাওয়া যাবে
- পারস্পরিক দূরত্ব এবং ওয়ান-ওয়ে (এক-মুখী) ব্যবস্থা বজায় রাখুন
- নিজের পেন বা পেন্সিল সঙ্গে আনুন

কোভিড-19 এবং নির্বাচন নিয়ে সর্বশেষ তথ্যের জন্য London Elects এর www.londonelects.org.uk/Covid ওয়েবসাইট দেখুন

আপনি সশরীরে পোলিং কেন্দ্রে যেতে না পারলে, আপনি ডাকযোগে ভোটদানের বা প্রক্সি ভোটদানের আবেদন করতে পারেন।

**2** **ডাকযোগে:**

- আপনার ব্যালটপত্র আপনাকে নির্বাচনের প্রায় এক সপ্তাহ আগে পাঠানো হবে।
- আপনার ভোট দিয়ে সেগুলো পাঠিয়ে দিন যাতে **6ই মে 2021** এর রাত **10টার** আগে সেগুলি পৌঁছায়।
- আপনাকে আপনার স্বাক্ষর এবং জন্মতারিখ দিয়ে নিরাপত্তা বিষয়ক ঘোষণাপত্র সম্পূর্ণ করার কথা মনে রাখতে হবে।
- আপনি সময়মতো আপনার ভোট না দিলে, সেগুলো গণনা করা হবে না।
- আপনি সেগুলো পোস্ট করতে ভুলে গেলে, আপনি আপনার সম্পূর্ণ করা পোস্টাল ভোট প্রদত্ত খামে করে আপনার ভোটদান কেন্দ্র নিয়ে যেতে পারেন।

নতুন পোস্টাল ভোটের আবেদন এবং উপস্থিত পোস্টাল বা প্রক্সি ভোটের পরিবর্তনের শেষ তারিখ **20শে এপ্রিল, 2021**।



3

**একজন প্রক্সির ব্যবহার:**

- আপনি ভোটদান কেন্দ্রে যেতে না পারলে আপনার বিশ্বস্ত কাউকে আপনার প্রক্সি হওয়ার জন্য বলতে পারেন।
- এর অর্থ হল তিনি আপনার হয়ে ভোট দিতে পারেন তবে আপনি কাকে ভোট দিতে চান তা আপনাকে তাকে বলে দিতে হবে।

প্রক্সি দিয়ে ভোট দেওয়ার (পোস্টাল প্রক্সি বা আপৎকালীন প্রক্সি নয়) নতুন আবেদন পাওয়ার শেষ সময়সীমা 27শে এপ্রিল, 2021 বিকেল 5টা।


আপৎকালীন প্রক্সির আবেদন পাওয়ার শেষ তারিখ 6ই মে, 2021 বিকেল 5টা।

**এখানে আরও জানুন londonelects.org.uk**
**@LondonElects**
**#LondonVotes**

# কীভাবে ভোট দেবেন

আপনাকে ভোটদানের জন্য 3টি ব্যালটপত্র দেওয়া হবে:

**লন্ডনের মেয়র (গোলাপী ব্যালটপত্র):**




- লন্ডনের মেয়র পদের জন্য আপনার কাছে 2টি পছন্দ আছে।
- কলাম A-এ আপনার প্রথম পছন্দটিকে [X] দিয়ে চিহ্নিত করুন।
- কলাম B-এ একটি আলাদা দ্বিতীয় পছন্দকে [X] দিয়ে চিহ্নিত করুন।
- আপনাকে একটি প্রথম পছন্দ নির্বাচন করতেই হবে নয়তো আপনার ভোট গণনা হবে না।
- প্রতিটি ভোট একজন আলাদা প্রার্থীকে দিতে হবে।

**লন্ডন নির্বাচনী এলাকার অ্যাসেম্বলির সদস্য (হলুদ ব্যালটপত্র):**



- আপনার স্থানীয় এলাকার হয়ে লন্ডন বিধানসভায় আপনি যার প্রতিনিধিত্ব চান তাকেই নির্বাচন করুন।
- কেবলমাত্র একজন প্রার্থীকে ভোট দিন।
- আপনার পছন্দের পাশে [X] চিহ্ন দিন।

**লন্ডন-জুড়ে অ্যাসেম্বলির সদস্য (কমলা ব্যালটপত্র):**



- সম্পূর্ণ লন্ডনের হয়ে লন্ডন বিধানসভায় আপনি যার প্রতিনিধিত্ব চান তাকেই নির্বাচন করুন।
- কেবলমাত্র একবার ভোট দিন।
- আপনার পছন্দের পাশে [X] চিহ্ন দিন।

# আরো তথ্য

2021-এর এপ্রিলে, লন্ডনে ভোটের জন্য নিবন্ধিত সবাই একটি করে নির্বাচনী পুস্তিকা পাবেন। এটিতে লন্ডন অ্যাসেম্বলির সমস্ত প্রার্থীদের তালিকা থাকবে, সেই সঙ্গে থাকবে মেয়র পদপ্রার্থীদের মধ্যে যারা একটি রাখবেন বলে ঠিক করেছেন তাদের তরফ থেকে একটি ক্ষুদ্র-ইস্তেহার, এবং কোথায় এবং কীভাবে ভোট দিতে হবে সেই বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করবে। এটি আপনি পাচ্ছেন কি না তার উপর নজর রাখুন।

আপনার কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে এখানে যোগাযোগ করুন: info@londonelects.org.uk

কোভিড-19 এবং নির্বাচন নিয়ে সর্বশেষ তথ্যের জন্য London Elects এর www.londonelects.org.uk/Covid ওয়েবসাইট দেখুন